বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

# রোকেয়া চেয়ার নীতিমালা ২০২৬

**(০৫-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৭৬তম সভায় অনুমোদিত)**

১) শিরোনাম : রোকেয়া চেয়ার নীতিমালা ২০২৬।

২) ভূমিকা : নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির জন্য যেই সকল শিক্ষাবিদ, গবেষক ও বিশেষজ্ঞগণ কাজ করিয়া যাইতেছেন, তাঁহাদের সম্মানার্থে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উদ্যোগে ২০০৭ সাল হইতে 'রোকেয়া চেয়ার' প্রবর্তন করা হইয়াছে।

৩) সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

ক) 'কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

খ) 'কমিশন সভা' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশনের সভা;

গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

ঘ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;

ঙ) 'কমিশন কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান এবং পূর্ণকালীন সদস্যবৃন্দ;

চ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

ছ) 'সার্চ কমিটি' অর্থ এই নীতিমালার আওতায় রোকেয়া চেয়ার নিয়োগের জন্য অধ্যাপক গবেষকের বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করিয়া তালিকা প্রণয়নপূর্বক নিয়োগ কমিটির বরাবর সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি;

জ) 'নিয়োগ কমিটি' অর্থ এই নীতিমালার আওতায় 'রোকেয়া চেয়ার' নিয়োগের জন্য কমিশন কর্তৃক গঠিত কমিটি;

ঝ) 'নীতিমালা' অর্থ রোকেয়া চেয়ার নীতিমালা ২০২৬।

৪) চেয়ারের নাম : 'রোকেয়া চেয়ার' হিসাবে বিবেচিত হইবে।

৫) উদ্দেশ্য : নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির জন্য যেই সকল শিক্ষাবিদ, গবেষক ও বিশেষজ্ঞগণ কাজ করিয়া যাইতেছেন, তাঁহাদের সম্মানার্থে 'রোকেয়া চেয়ার' প্রদান করা হইবে।

৬) মেয়াদ ও সময়কাল :

ক) ১ (এক) জন অধ্যাপক গবেষককে 'রোকেয়া চেয়ার'-এর গবেষক হিসাবে ২ (দুই) বছরের জন্য নিয়োগ দেওয়া হইবে;

খ) মেয়াদউত্তীর্ণকালীন বৎসরের ডিসেম্বর মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হইবে এবং ১লা জানুয়ারি হইতে 'রোকেয়া চেয়ার'-এর মেয়াদকাল গণনা করা হইবে।

৭) যোগ্যতা :

ক) কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত সর্বনিম্ন ৫৫ (পঞ্চান্ন) বৎসর ও তদুর্ধ্ব অধ্যাপক গবেষকগণ 'রোকেয়া চেয়ার'-এর জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবেন;

খ) 'রোকেয়া চেয়ার' হইবে পূর্ণকালীন। নির্বাচিত অধ্যাপক গবেষক যদি চাকরিরত থাকেন, তাহা হইলে তিনি অবশ্যই নিজ প্রতিষ্ঠান হইতে ছুটি লইয়া এই চেয়ারে যোগদান করিবেন;

গ) 'রোকেয়া চেয়ার' হিসাবে একবার নির্বাচিত অধ্যাপক গবেষককে পরবর্তীতে এই চেয়ারের জন্য মনোনয়ন দেওয়া যাইবে না।

৮) সম্মানী ও আনুষঙ্গিক সুবিধা : 

ক) নিয়োগপ্রাপ্ত অধ্যাপক গবেষক বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন সিলেকশন গ্রেডের অধ্যাপকের সর্বোচ্চ মাসিক বেতন সমতুল্য সম্মানী প্রদান করা হইবে। একই হারে মাসিক বাড়ি ভাড়াও প্রদান করা হইবে;

খ) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ এককালীন সর্বোচ্চ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হইবে। তবে এইক্ষেত্রে বিল, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র কমিশনে জমা দিতে হইবে;

গ) সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনের জন্য সর্বোচ্চ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা প্রদান করা হইবে। তবে এইক্ষেত্রে বিল, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র কমিশনে জমা দিতে হইবে;

ঘ) গবেষক বিষয়সংশ্লিষ্ট ১ (এক) জন গবেষণা সহকারী/সহযোগী (খণ্ডকালীন) মাসিক ১২,০০০.০০ (বারো হাজার) টাকা এবং একজন অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট (খণ্ডকালীন) মাসিক ১২,০০০.০০ (বারো হাজার) টাকা সম্মানী প্রাপ্য হইবেন;

ঙ) গবেষকের গবেষণালব্ধ প্রবন্ধ বা পুস্তক প্রকাশের ক্ষেত্রে ইউজিসি থেকে যুক্তিসংগত সহায়তা প্রদান করা হইবে;

চ) রোকেয়া চেয়ার-এর গবেষণা কাজে সহায়তা যেমন- কক্ষ বরাদ্দ, ল্যাব সুবিধা, ইন্টারনেট কানেকশনযুক্ত কম্পিউটার সরবরাহ ইত্যাদি সুবিধাদি প্রদানের জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯) শর্তাবলি : 

ক) নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতি বিষয়ক পূর্বের কর্ম অভিজ্ঞতা এবং এই বিষয়ে ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা সংক্ষিপ্ত আকারে জীবন বৃত্তান্তের সঙ্গে জমা দিতে হইবে;

খ) নির্বাচিত অধ্যাপক গবেষককে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত থাকিয়া গবেষণাকর্ম সম্পাদন করিতে হইবে;

গ) নির্বাচিত অধ্যাপক গবেষককে বৎসরান্তে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/সরকারি হাসপাতালের মাধ্যমে শারীরিক সুস্থতার প্রতিবেদন কমিশনে জমা দিতে হইবে;

ঘ) নির্বাচিত অধ্যাপক গবেষক-এর গবেষণা সহকারী/সহযোগী ১ (এক) জন মাস্টার্স/এমফিল/পিএইচডি ডিগ্রিধারী অথবা অধ্যয়নরত শিক্ষার্থী হইতে হইবে (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) নির্ধারিত মেয়াদের মধ্যে অধ্যাপক গবেষককে তাঁহার গবেষণাকর্মের ওপর ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ প্রকাশপূর্বক কমিশনে প্রেরণ ও ১ (এক)টি পুস্তক প্রকাশকরণসহ ২ (দুই)টি সেমিনার আয়োজন করিতে হইবে;

চ) নির্বাচিত অধ্যাপক গবেষক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে লেকচার প্রদান এবং গবেষণায় তত্ত্বাবধায়ক হিসাবে কাজ করিতে পারিবেন;

ছ) নির্বাচিত অধ্যাপক গবেষক একইসাথে অন্যকোনো চেয়ার/ফেলোশিপ গ্রহণ করিতে পারিবেন না;

জ) 'রোকেয়া চেয়ার' থাকাকালীন অন্যকোনো চাকরিতে (পূর্ণকালীন/খণ্ডকালীন/চুক্তিভিত্তিক) নিয়োজিত থাকিতে পারিবেন না;

ঝ) গবেষণাকর্ম সম্পন্ন না করিলে অথবা পরিত্যাগ করিলে অথবা রোকেয়া চেয়ার বাতিল করা হইলে অধ্যাপক গবেষক কর্তৃক কমিশন হইতে গৃহীত সমুদয় অর্থ ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিবে;

ঞ) 'রোকেয়া চেয়ার' থাকাকালীন বহিঃবাংলাদেশ গমনের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর কমিশনকে অবহিত করিতে হইবে।

১০) সার্চ কমিটি : 'রোকেয়া চেয়ার' প্রদানের নিমিত্ত প্রাথমিকভাবে অধ্যাপক গবেষকের নাম সংগ্রহপূর্বক তালিকা প্রণয়নের জন্য নিম্নরূপভাবে সার্চ কমিটি গঠন করা হইবে-

সদস্য, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড ডিভিশন ---------------------------------------------------- আহবায়ক
পূর্ণকালীন সদস্যবৃন্দ, ইউজিসি ---------------------------------------------------------------------- সদস্য
কমিশনের খণ্ডকালীন সদস্যের মধ্য হইতে ২ (দুই) জন উপাচার্য (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ------- সদস্য
বিশ্ববিদ্যালয় পর্যায়ের ২ (দুই) জন প্রথিতযশা অধ্যাপক (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ---------------- সদস্য
সচিব, প্রশাসন বিভাগ, ইউজিসি ---------------------------------------------------------------------- সদস্য
পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, ইউজিসি ---------------------------------------------- সদস্য
অতিরিক্ত পরিচালক, স্কলারশিপ, ফেলোশিপ ও এওয়ার্ড অনুবিভাগ, আরজিএ বিভাগ, ইউজিসি ------- সদস্য
উপপরিচালক, স্কলারশিপ ও ফেলোশিপ শাখা, আরজিএ বিভাগ, ইউজিসি ----------------------- সদস্যসচিব

**১১) সার্চ কমিটির কার্যপরিধি** : রোকেয়া চেয়ার নিয়োগের জন্য অধ্যাপক গবেষকের নাম সংগ্রহ করিয়া তালিকা প্রণয়নপূর্বক নিয়োগ কমিটি বরাবর সুপারিশ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে। এইক্ষেত্রে নাম সংগ্রহের প্রক্রিয়া সার্চ কমিটি কর্তৃক নির্ধারিত হইবে।

**১২) নিয়োগ কমিটি** : সার্চ কমিটি কর্তৃক সুপারিশকৃত অধ্যাপক গবেষকের নামের তালিকা মুল্যায়নপূর্বক রোকেয়া চেয়ার নিয়োগের লক্ষ্যে নিম্নরূপভাবে নিয়োগ কমিটি গঠন করা হইবে-

চেয়ারম্যান, ইউজিসি ------------------------------------------------------------------------------- আহবায়ক
পূর্ণকালীন সদস্যবৃন্দ, ইউজিসি ------------------------------------------------------------------------ সদস্য
নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির জন্য কাজ করিতেছেন এমন অভিজ্ঞতাসম্পন্ন ২ (দুই) জন অধ্যাপক/শিক্ষাবিদ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ------------------ সদস্য
সচিব, প্রশাসন বিভাগ, ইউজিসি --------------------------------------------------------------------------- সদস্য
পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, ইউজিসি ----------------------------------------- সদস্যসচিব

**১৩) নিয়োগ কমিটির কার্যপরিধি** :

ক) সার্চ কমিটির সুপারিশের ভিত্তিতে প্রণয়নকৃত তালিকা হইতে যাচাই-বাছাইপূর্বক ১ (এক) জন অধ্যাপক গবেষককে এই 'রোকেয়া চেয়ার' হিসাবে নিয়োগের ক্ষেত্রে বিষয়ভিত্তিক পারদর্শিতা মূল্যায়ন করিতে হইবে;

খ) নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির জন্য যেই সকল শিক্ষাবিদ, গবেষক ও বিশেষজ্ঞগণ কাজ করিয়া যাইতেছেন, সেই সকল অধ্যাপক গবেষককে 'রোকেয়া চেয়ার' হিসাবে নিয়োগ করিতে হইবে।

**১৪) আদেশজারির কার্যকারিতা** : কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

**১৫) নীতিমালার সংশোধন ও অস্পস্টতা দুরীকরণ** :

ক) 'রোকেয়া চেয়ার' নিয়োগ কমিটির সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার যেইকোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন অথবা সংশোধন করিবার ক্ষমতা কমিশনের ওপর ন্যস্ত থাকিবে;

খ) এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা অথবা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উদ্ভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে; এবং

গ) 'রোকেয়া চেয়ার' নিয়োগ প্রদানের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**ড. মোঃ ফখরুল ইসলাম**
সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**প্রফেসর ড. এস এম এ ফায়েজ**
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন